

## উত্তর আধুনিক

এই বোধের অতীত তুমি কী ভাবে পৌঁছাবে  
 সমস্ত কোলাহল থেমে যায় এই উপান্তে এসে  
 ডিকম্পট্রাকশন ধারায়  
 সত্তার গভীরে যেতে যেতে  
 যেতে যেতে  
 এলিয়েশন উদ্বেগ তাড়া করে  
 সত্তার গভীরে অনুরণন বাজে দিগ্বলয়  
 মগজের কোষে কোষে  
 শরীরের রক্তে রক্তে  
 তুমি কিভাবে ফেরাবে এই সমূহ পতন  
 তুমি কিভাবে পাঠ নেবে সভ্যতার বিমানবিকীকরণ  
 জটিল বিন্যাসে আজ বিবর্তিত সুর লহরী  
 জঙ্ক বিবেক ছায়া ফেলে শাদা আয়নায়  
 ও মানুষ, চির রহস্যময় মানুষ  
 তোমার ঘূর্ণায়মান বৃত্তে বিনাশী আয়োজন  
 রহস্যঘেরা জটিল বৃত্তে হা- ছতাশ  
 তুমি কিভাবে ভেদ করবে রহস্যের জটিল বিন্যাস  
 বোধের গভীরে আছে কী কোন চাবি মাস্টার?  
 এই নাও দ্রাক্ষারস  
 কেলাসন প্রক্রিয়ায় শুদ্ধ হোক মেধা ও মনন  
 যাবতীয় জাগতিক উপচার থেমে যায় এই উপান্তে  
 বোধের অতীত যা কিছু থাকে  
 সে আমি -----

শামীমুল হক শামীম

